দৈনিক বাংলা

তারিখ ...02 FEB 1994 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ... ৬......

শিক্ষক সমাবেশ

# সব প্রাইমারী স্কুল সরকারী করার দাবী

স্টাফ রিপোর্টার : বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি সকল রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ ও শিক্ষকদের চাকরি সরকারীকরণের দাবী জানিয়েছে। গতকাল (রোববার) সকালে দোয়েল চত্বরে অনুষ্ঠিত শিক্ষক সমাবেশে এ দাবী জানানো হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন মেজর (অবঃ) আসাদুজ্জামান। বক্তৃতা করেন আওয়ামী লীগ নেতা আবদুল মান্নান, আমির হোসেন আমু প্রমুখ।

সমাবেশে বক্তাগণ সকল বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে নিবন্ধীকরণ ও শিক্ষকদের ন্যূনতম বেতন এক হাজার পাঁচশ' টাকা নির্ধারণের দাবী করেন।

সভা শেষে একটি মিছিল সচিবালয়ের গেটে আসে। এ সময় পুলিশ শিক্ষকদের উপর লাঠিচার্জ করে বলে অভিযোগ করা হয়। অভিযোগে বলা হয়, পুলিশের লাঠিচার্জে বেশ ক'জন শিক্ষক আহত হন। এরপর শিক্ষকরা প্রেস ক্লাবের সামনে সন্ধ্যা ৬টা পর্যন্ত অবস্থান ধর্মঘট করেন।